

## শিক্ষার্থীদের প্রতি স্পিকার তথ্য-প্রযুক্তিতে নিজেদের দক্ষ করে গড়ে তোলার আহ্বান

নিজস্ব বার্তা পরিবেশক

সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, উন্নত সমাজ বিনির্মাণে দেশের শিক্ষার্থী ও তরুণ সমাজের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় তথ্য-প্রযুক্তিতে নিজেদের দক্ষ করে গড়ে তুলতে শিক্ষার্থী ও তরুণ সমাজের প্রতি আহ্বান জানান স্পিকার। গতকাল রাজধানীর ডিকারননিসা নুন স্কুল সংলগ্ন মাঠে ডিকারননিসা অ্যামামনাই অ্যাসোসিয়েশনের প্রথম পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডিকারননিসা অ্যামামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগী অধ্যাপক বৃশরা হাসিনা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী এবং ডিকারননিসা নুন স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বোর্ডের চেয়ারম্যান রাশেদ খান মেনন, ডিকারননিসা নুন স্কুল অ্যান্ড কলেজের প্রিন্সিপাল সুফিয়া খাতুন প্রমুখ।

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, কাউকে পেছনে রেখে সমাজের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। তাই যেসব নারী অর্থনৈতিক ও সামাজিকভাবে বিভিন্ন প্রতিবন্ধকতার শিকার তাদের প্রতিবন্ধকতা দূর করতে সবাইকে একযোগে কাজ করতে হবে। স্পিকার বলেন, শুধুমাত্র স্যাটিফিকেট পাওয়া বা জিপিএ অর্জনই শিক্ষার একমাত্র উদ্দেশ্য হতে পারে না। প্রতিটি শিক্ষিত ব্যক্তিকে সশিক্ষিত হতে হবে। আজকে যারা শিশু ও যুবক তাদেরই আগামী দিনে দেশের নেতৃত্ব দিতে হবে। নিজেদের এখন থেকেই গড়ে তুলতে হবে। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধুর নেতৃত্বে দেশের ষেষ্ঠ সত্তানরা একটি স্বাধীন সার্বভৌম দেশ প্রতিষ্ঠা করে গেছেন। যে স্বপ্ন নিয়ে তারা দেশ স্বাধীন করে গেছেন সে স্বপ্ন পূরণ করা সবার দায়িত্ব। নারী শিক্ষার প্রসারে ডিকারননিসা নুন স্কুল অ্যান্ড কলেজ অনন্য অবদান রেখে চলেছে মন্তব্য করে স্পিকার বলেন, ডিকারননিসা অ্যামামনাই অ্যাসোসিয়েশন গঠনের মধ্য দিয়ে নারী শিক্ষা প্রসারে সংগঠনটির আরও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার সুযোগ সৃষ্টি হয়েছে।